আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

05 DECEMBER 2024 7:45—7:55 PM IST

================================================================

১) চারজন নতুন মন্ত্রীকে অন্তর্ভুক্ত করে আসাম মন্ত্রিসভা সম্প্রসারণের সিদ্ধান্ত। আগামী শনিবার শপথগ্রহন অনুষ্ঠান।

২) আসাম লোকসেবা আয়োগের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফল ঘোষণা।

৩) নতুন দিল্লির প্রগতি ময়দানে আগামীকাল থেকে তিনদিনব্যাপী অষ্টলক্ষী মহোৎসব।

এবং

৪) রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রের সর্বাঙ্গীন উন্নয়নের লক্ষ্যে অনুষ্ঠিত তৃতীয় স্বাস্থ্যসেবা উৎসবের সমাপ্তি।

--------------------------------------------------------------------------------

চারজন নতুন মন্ত্রীকে অর্ন্তভূক্ত করে আসাম মন্ত্রীসভার সম্প্রসারণ করা হবে । আগামী শনিবার বেলা ১২ টায় এই চারজন বিধায়ক মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করবেন ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যম এক্সযোগে একথা জানিয়েছেন ।এই নতুন মন্ত্রীরা হলেন ডিব্রুগড়ের বিধায়ক প্রশান্ত ফুকন , লক্ষ্মীপুরের বিধায়ক কৌশিক রাই , পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পাল ও ডুমডুমার বিধায়ক রুপেশ

গোয়ালা ।মুখ্যমন্ত্রী এক বার্তায় নতুন করে অর্ন্তভূক্ত হোয়া বিধায়কদের আগাম শুভেচ্ছা জানিয়েছেন ।

---

আসাম লোকসেবা আয়োগের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষা ২০২৩ এর ফলাফল আজ ঘোষণা করা হয়েছে ।আয়োগের অধীনে অসামরিক সেবা , আসাম পুলিশ সেবা এবং অন্যান্য সংশ্লিষ্ট সেবার মোট ২৩৫ জন প্রার্থীর নিযুক্তিতে অনুমোদন জানানো হয়েছে ।চিরঞ্জীব ফুকন ৮৭২ নম্বর পেয়ে প্রথম স্থান দখল করেছেন এবং এনিশা বুঢ়াগোহাই ৮২৩ নম্বর লাভ করে মহিলা প্রার্থীদের মধ্যে প্রথম স্থান দখল করেছেন ।মোট ২৩৫ জন প্রার্থীর মধ্যে অসামরিক সেবার ৪৫ জন , আসাম পুলিশ সেবার ৩৫ জন , সহকারী গাণনিক আধিকারীকের ১০৭ জন , হিসাব পরীক্ষক ১১ জন , কর অধিক্ষক একজন , আবগারী অধিক্ষক একজন , আসাম অর্থনৈতিক সেবার ১৩ জন , খন্ড উন্নয়ন আধিকারীক ৬ জন , সমবায় সমিতি সমুহের সহকারী পঞ্জীয়ক ৪ জন , কর পরিদর্শক ৪ জন , শ্রম পরিদর্শক  ৪ জন , সহকারী নিয়োগ আধিকারীক একজন এবং উপ- পঞ্জীয়ক ৩ জন প্রার্থীর নিযুক্তিতে আয়োগ অনুমোদন জানিয়েছে ।এদিকে এই প্রার্থীদের মধ্যে কামরূপ মহানগর জেলার ৩৭ জন , নগাঁও জেলার ১৯ জন , কামরূপ জেলার ১৮ , ডিব্রুগড় জেলার ১৩ , লখিমপুর জেলার ১২ জন , তিনশুকিয়া ও যোরহাট জেলার ১১ জন , বিশ্বনাথ শিবসাগর ও শোনিতপুর জেলার ৮ জন করে, ডিমা হাসাও , গোলাঘাট , নলবারী , ধেমাজী এবং ওদালগুরি জেলার ৭ জন করে ,কাছাড় এবং চরাইদেও জেলার ৬ জন করে প্রার্থী, দরং এবং বাক্সা জেলার ৫ জন করে , ৩ জন করে প্রার্থী কোকরাঝার , গোয়ালপারা  , হোজাই , ও পশ্চিম কার্বি-আংলং জেলার  রয়েছেন । এছাড়া বঙ্গাইগাঁও , চিরাং , কার্বি-আংলং ও মরিগাঁও জেলার ২ জন করে প্রার্থী এবং শ্রীভূমি ও বজালি জেলার ১ জন করে প্রার্থীর নিযুক্তিতে অনুমোদন জানানো হয়েছে ।উল্লেখ্য এই পরীক্ষায় প্রথমবারের জন্য মরাণ ও মটক জনগোষ্ঠির জন্য পদ সংরক্ষণ করা হয়েছে ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু প্রাকৃতিক দূর্যোগ , জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক সম্পদের অপব্যবহারের মতো প্রত্যাহ্বানগুলি থেকে কৃষকদের সুরক্ষা  দেওয়ার জন্য কৃষি বিজ্ঞানীদের সাম্প্রতিক সময়ের  উপযোগী করে নতুন পরিকল্পনা তৈরী করতে আহ্বান জানিয়েছেন ।  সম্প্রতি দ্রোন প্রযুক্তি  , দূর সংবেদী , কৃত্রিম বুদ্ধিমত্তা ও ন্যানো প্রযুক্তির সহায়তায় কৃষি ক্ষেত্র ও কৃষিবিদদের সহায়তা করতে তিনি পরামর্শ দেন । আজ সকালে ভুবনেশ্বরে ওড়িশা কৃষি ও প্রযুক্তি বিশ্ববিদ্যলয়ের ৪০ তম

সমাবর্তনে ভাষন প্রসংগে রাষ্ট্রপতি বলেন যে ভূমি ,স্বাস্থ্য ,পরিবেশ , সংরক্ষণ ও প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহারের জন্য কৃষি বিজ্ঞানীদের গুরুত্ব দেওয়া সহ দেশের জন্য নতুন ও সময়পযোগী পরিকল্পনা তৈরী করতে আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

নতুনদিল্লীর প্রগতি ময়দানে ভারত মন্ডপমে আগামীকাল থেকে তিনদিনব্যাপী অষ্টলক্ষ্মী মহোৎসব অনুষ্ঠিত হবে । উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয় , উত্তরপূর্ব হস্তশিল্প ও হস্ততাত উন্নয়ন নিগম লিমিটেড ও ইনভেষ্ট ইন্ডিয়ার প্রথমবারের জন্য আয়োজন করা এই মহোৎসবে উত্তরপূর্বাঞ্চলের শিল্পকলা , সাংস্কৃতিক বৈচিত্র প্রদর্শন করা হবে । অষ্টলক্ষ্মী হিসিবে পরিচিত উত্তরপূর্বাঞ্চলের আটটি রাজ্যই দেশের সামাজিক , সাংস্কৃতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ন অবদান রেখে চলেছে । এই মহোৎসবের সময়কালে বিভিন্ন ক্ষেত্রে অঞ্চলটির সম্ভাবনা ও সমৃদ্ধ সংস্কৃতির ওপর গুরুত্ব আরোপ করে বেশ কিছু অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।মহোৎসবের অংশ হিসেবে আসামের প্রিয়াংকা ডি পাটোয়ারী , আরুণাচল প্রদেশের জেঞ্জুম গড়ি , মেঘালয়ের ডিনিয়েল সিয়েম , মণিপুরের রিসানা খুনমান্থেম সহ উত্তরপূর্বাঞ্চলের বেশ কয়েকজন প্রথমসারির ডিজাইনার ফেশন শো করার সুযোগ পেয়েছেন ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো আজ বিকেলে শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে ইউরোপীয় মহাকাশ সংস্থার প্রোবা থ্রী কৃত্রিম উপগ্রহ পি এস এল ভি - সি ৫৯ এর সফল উৎক্ষেপন সম্পন্ন করে । বিকেল ৪ টে ৪ মিনিটে মহাকাশযানটি উৎক্ষেপণ করা হয় । ইসরো উৎক্ষেপনের পর সামাজিক মাধ্যমে এক্সযোগে বলে যে , পি এস এল ভি -সি ৫৯ মহাকাশ যানটি ইউরোপীয় মহাকাশ সংস্থার প্রোবা - থ্রী শ্রেনীর একাধিক কৃত্রিম উপগ্রহ স্থাপন করার নির্ধারিত কক্ষপথে উৎপেক্ষণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

স্নাতক ও স্নাতকোত্তর বিষয় পদের জন্য আগামী ২৯ সে ডিসেম্বর টেট তথা নিযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ।রাজ্য সরকারের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয় আজ এসম্পর্কে নির্দেশনা জারি করেছে । সেই অনুযায়ী পরীক্ষায় আবতীর্ন হোয়ার জন্য আবেদনকারীরা ১৫ ই ডিসেম্বর সকাল ১১ টা থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে । প্রার্থীদের পরীক্ষার দিন প্রবেশ পত্রের সংগে আধার কার্ড , পেনকার্ড , গাড়ীচালকের অনুজ্ঞাপত্র , ভোটার কার্ড সহ যেকোনো ফোটোযুক্ত পরিচয়পত্র দেখাতে হবে । মাধ্যমিক শিক্ষা

সঞ্চালকালয় ৮ হাজার ২৩০ টি স্নাতক ও ১ হাজার ৪৮৭ টি স্নাতকোত্তর শিক্ষক পদের জন্য আগেই বিজ্ঞাপন প্রকাশ করেছিল ।

---

রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের সর্বাংগীন উন্নয়নের লক্ষ্যে সমগ্র আসামে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে অনুষ্ঠিত তৃতীয় স্বাস্থ্য সেবা উৎসবের আজ সমাপ্তি হয় । ২০২২ সাল থেকে রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের সর্বাত্মক মূল্যায়নের জন্য এই কার্যসূচী গ্রহণ করা হচ্ছে । এই উৎসবের সময়কালে রাজ্যের প্রায় এক হাজার ছশ স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা সেবা ও পরিকাঠামো মূল্যায়ন করা হয় ।

---

স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে আয়োজিত স্বাস্থ্য সেবা উৎসবে শ্রীভূমি জেলার ৪৬টি স্বাস্থ্য প্রতিষ্ঠানের মূল্যায়ন করা হয়েছে । শ্রীভূমি জেলায় স্বাস্থ্য সেবা উৎসবে মূল্যায়ন কার্যক্রমে সিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের ১৮জন চিকিৎসক , জেলা প্রশাসনের ২৬ জন আধিকারীক এবং রাজ্য সরকার মনোনীত ৯ জন মূল্যায়ক অংশগ্রহন করেন । শ্রীভূমি জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং জানান যে স্বাস্থ্য সেবা উৎসব রাজ্যের স্বাস্থ্য পরিষেবার ঘাটতি পূরনে সহায়তা করবে এবং মানুষকে আরো ভালো পরিষেবা দেওয়ার পথ প্রশস্ত করবে ।

---

হাইলাকান্দি জেলায় স্বাস্থ্য সেবা উৎসবের তৃতীয় পর্য্যায় সফলভাবে সম্পন্ন হয়েছে । স্বাস্থ্য উৎসবের আজ তৃতীয় দিন জেলার ১২টি স্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য পরিষেবা ও পরিকাঠামোর মূল্যায়ন করা হয়েছে । উল্লেখ্য হাইলাকান্দি জেলার ২৬টি স্বাস্থ্য কেন্দ্রে এবারের স্বাস্থ্য সেবা উৎসব-৩ অনুষ্ঠিত হয়েছে ।

---

কাছাড়ের জেলা মেজিস্ট্রেট মৃদুল যাদব আসাম মেইনটেন্যান্স অফ পাবলিক অর্ডার অ্যাক্ট ১৯৪৭ এর অধীনে পাওয়ারগ্রিড সাব ডিভিশন শিলচরকে সুরক্ষিত এলাকা হিসেবে ঘোষণা করেছেন । এক আদেশে তিনি শ্রীকোণা লালমাটি এলাকার পাওয়ার গ্রিড শিলচর সাবডিভিশন কমপ্লেক্সে পাওয়ার গ্রিডের প্রকৃত বাসিন্দা এবং সরকারী কর্মচারী , কর্তব্যরত নিরাপত্তা কর্মী ছাড়া অন্য কোন ব্যাক্তি বা গোষ্ঠি পূর্ব অনুমতি ছাড়া প্রবেশ করতে পারবেননা বলে জানিয়েছেন ।

---

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিরিষপুর চা বাগানের ফায়ারিং রেঞ্জে গুলি চালানোর মহড়ার জন্য আগামীকাল ও আগামী শনিবার ফায়ারিং রেঞ্জের

পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে জনসাধারন ও গবাদি পশুর চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে সি আর পি এফ বাহিনীর ১০ নম্বর ব্যাটেলিয়ানের গুলি চালানোর মহড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা শিল্প ও বানিজ্য কেন্দেব্র জেনারেল ম্যানেজারের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলার ব্যাক্তিগতভাবে ক্ষুদ্র চা উৎপাদনকারীদের উৎপাদনকে উপযুক্ত যান্ত্রিকীকরনের সুবিধা প্রদান করতে দরখাস্ত আহ্বান করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ক্ষুদ্র চা উৎপাদনকারী যারা টি বোর্ড থেকে সুবিধা গ্রহন করছেন , তারা এই প্রকল্পের সুবিধা পাবেন না । জেলার ইচ্ছুক  ক্ষুদ্র চা উৎপাদনকারী ও আত্ম-সহায়ক গোষ্টী , সমবায় সমিতিকে সাদা কাগজে আগামী ১০ই ডিসেম্বরের মধ্যে আবেদন করতে বলা হয়েছে । বিশদ বিবরন জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্র কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে আগামী ৮ই ডিসেম্বর লায়ন্স চক্ষু হাসপাতাল প্রাঙ্গনে ডায়াবেটিস , দাঁত ও হৃদরোগ চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------